গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৯.১৪-৪৩৪ তারিখঃ- ১৭/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ এবং অব্যাহতভাবে খেলাপী বৃদ্ধি হওয়া প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিভাগের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির ২০১৫-১৬ অর্থবছরের এবং চলতি অর্থবছরের জুলাই এবং আগষ্ট মাসের ঋণ কার্যক্রমের অগ্রগতি বিশ্লেষণ করে লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী আদায়ে ব্যর্থ এবং অধিক পরিমাণ কিস্তি খেলাপী রয়েছে এমন উপজেলাসমূহের ঋণ বিতরণ, ঋণ খেলাপী ও কিস্তি খেলাপীর যে তথ্যচিত্র পাওয়া যায় তা নিম্নরূপ-

(টাকার অংক লক্ষ টাকায়)

| নং | জেলার নাম | উপজেলার নাম | ২০১৫-১৬ অর্থবছরে ঋণ বিতরণের | | জুন'১৫ | | আগষ্ট'১৬ | | ব্যবধান | | মোট খেলাপীর হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | মৌলভীবাজার | কুলাউড়া | ১৯.২০ | ১২.৬৫ | ৭.১৮ | ১৫.৩০ | ৯.১৪ | ১৯.১৯ | ১.৯৬ | ৩.৮৯ | ৫.৮৫ |
| ২ | | বড়লেখা | ১৫.২০ | ১০.৭২ | ১.৩৬ | ১৫.৩৫ | ২.১৫ | ১৬.৩২ | ০.৭৯ | ০.৯৭ | ১.৭৬ |
| ৩ | হবিগঞ্জ | চুনারুঘাট | ২৪.৮০ | ১৫.২০ | ১.৩৬ | ৩.৮০ | ২.০৩ | ৪.০২ | ০.৬৭ | ০.২২ | ০.৮৯ |
| ৪ | | বাহুবল | ১৫.২০ | ৮.৮০ | ১.৮৫ | ১৪.০৫ | ২.৫০ | ১৩.৮৪ | ০.৬৫ | -০.২১ | ০.৪৪ |

০২। উপরোক্ত তথ্যচিত্র থেকে এ বিষয়টি স্পষ্ট যে, উল্লিখিত উপজেলাসমূহের সংশ্লিষ্ট জনবলের চরম উদাসীনতা, শিথিলতা ও দায়িত্বপালনে অবহেলার কারণে ঋণ কার্যক্রম পর্যায়ক্রমে উন্নত হওয়ার স্থলে অবনতির দিকে ধাবিত হচ্ছে। প্রতি অর্থবছরের শুরুতে এবং আঞ্চলিক কর্মশালাগুলোতে ঋণ বিতরণ এবংখেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে নির্দেশনা প্রদান করা হলেও তা অনুসরন করার কোন লক্ষণ পরিলক্ষিত নাই। ঋণ সংশ্লিষ্টদের এ ধরণের কর্মকান্ড কার্যক্রমকে চরম ঝুকিতে ফেলেছে শাস্তিযোগ্য অপরাধ এবং তাদের ব্যক্তিগত দায় হিসাবে পরিগণিত হতে পারে।

০৩। বর্ণিত অবস্থায়, আগামী ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তাঁর উপজেলায় চলমান আদায় শতভাগ অর্জন, কিস্তি খেলাপীর সমুদয় অংশ এবং বিবেচ্য সময়ে খেলাপীতে যুক্ত সমুদয় অর্থ বাধ্যতামূলকভাবে আদায় করতে নির্দেশ দেয়া হলো। একইসংগে বছরের শুরুতে ঋণ বিতরণ এবং খেলাপী আদায়ের যে নির্দেশনা দেয়া হয়েছিল তা যথাযথ প্রতিপালন এবং কিস্তি খেলাপী ও খেলাপী আদায়ের পাক্ষিক অগ্রগতির বিশেষ প্রতিবেদন (নিম্নের ছক মোতাবেক পূরণ করে) প্রধান কার্যালয়ে পাঠাতে নির্দেশ দেয়া হলো। নির্ধারিত সময়ের মধ্যে খেলাপী আদায়ে ব্যর্থতার দায়ে সংশ্লিষ্টদের বিরূদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হবে।

বিষয়টি বিশেষ জরুরী ও গুরুত্বপূর্ণ।

১৭.১০.১৬

(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
ফোন ঃ ৯৫৬৭৭২১।
Email-addydpe@gmail.com

১। জনাব ----------, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----------।

১। জনাব ----------, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ----------।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৯.১৪-৪৩৪ তারিখঃ- ১৭/১০/২০১৬ খ্রিঃ।

অনুলিপি বিতরণ ঃ

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----------জেলাকে তাঁর আওতাধীন উপজেলাসমূহের ঋণ কার্যক্রম অব্যহতভাবে অবনতির কারণ আগামী ৩১.১০.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জানাতে এবং একইসংগে বর্ণিত নির্দেশনা যথাযথ বাস্তবায়নে তদারকি নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট উপজেলাসমূহের সমন্বিত পাক্ষিক অগ্রগতির প্রতিবেদন তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০২। সহকারী পরিচালক(আই সি টি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। অফিস কপি/গার্ড নথি।

(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

| নং | জেলার নাম | উপজেলার নাম | ২০১৬-১৭ অর্থবছরে ঋণ বিতরণের | | জুন'১৬ | | ----------মাস অগ্রগতি | | | | মাস শেষে মোট খেলাপীর হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | কিস্তি খেলাপী আদায় | কিস্তি খেলাপী অবশিষ্ট | ঋণ খেলাপী আদায় | ঋণ খেলাপী অবশিষ্ট | |